

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রিপ্যারেটরী

বিষয়- গণিত

একক- গুণ

১) একই সংখ্যা বারবার যোগ না করে যে সহজ পদ্ধতিতে অঙ্ক টা করা যায় তাকে কী বলে?

উ: একই সংখ্যা বারবার যোগ না করে যে সহজ পদ্ধতিতে অঙ্ক টা করা যায় তাকে গুণ বলে।

২) গুণ অঙ্ক করতে কীসের সাহায্য লাগে?

উ: গুণ অঙ্ক করতে নামতার সাহায্য লাগে।

৩) গুণ্য কাকে বলে?

উ: যে সংখ্যা কে গুণ করা হয় তাকে গুণ্য বলে।

৪) গুণক কাকে বলে?

উ: যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তাকে গুণক বলে।

৫) গুণফল কাকে বলে?

উ: গুণ করে যে সংখ্যা পাওয়া যায় তাকে গুণফল বলে।

৬) ০ কে বা ০ দিয়ে কোনো সংখ্যা গুণ করলে গুণফল কত হয়?

উ: ০ কে বা ০ দিয়ে কোনো সংখ্যা গুণ করলে গুণফল ০ হয়।

৭) গুণ অঙ্কে কীসের নামতা পড়া হয়?

উ: গুণ অঙ্কে গুণকের নামতা পড়া হয়।

৮) নামতার সাহায্যে কোন অঙ্ক করা যায়?

উ: নামতার সাহায্যে গুণ অঙ্ক করা যায়।

৯) গুণ করলে সংখ্যা র মান কী হয়?

উ: গুণ করলে সংখ্যার মান বাড়ে।

১০) পাশাপাশি গুণ করো

ক) দএ এ দএ

$$১৩ \times ৩ = ৩৯$$

উ: গুণফল ৩৯

খ) দএ এ দএ

$$৪২ \times ২ = ৮৪$$

উ: গুণফল ৮৪

১১) গুণ্য, গুণক নির্দেশ করে নীচে বসিয়ে গুণ করো

ক) ৩৩×৩

দ এ

৩ ৩ - গুণ্য

$\times ৩$ - গুণক

৯ ৯

উ: গুণফল ৯৯

খ) ১১৩×২

শ দ এ

১ ১ ৩ - গুণ্য

$\times ২$ - গুণক

২ ২ ৬

উ: গুণফল ২২৬

গ) ১০৭×৪

+২

শ দ এ

১ ০ ৭ - গুণ্য

$\times ৪$ - গুণক

৪ ২ ৮

উঃ গুণফল ৪২৮

ঘ) ১৪০×৬

+২

শ দ এ

১ ৪ ০ - গুণ্য

$\times ৬$ - গুণক

৮ ৪ ০

উঃ গুণফল ৮৪০

গুণের স্তর

১। এক শত সত্তর, পাঁচ

ক) সংখ্যাগুলি অঙ্কে লেখো।

খ) সংখ্যাগুলি পাশাপাশি গুণ চিহ্ন দিয়ে বসো।

গ) সংখ্যাগুলি নীচে নীচে বসিয়ে গুণ করো।

ঘ) গুণ্য, গুণক নির্দেশ করো।

ঙ) গুণফল কথায় লেখো।

চ) গুণফলের প্রতিটি অঙ্কের স্থানীয়মান লেখো।

উঃ

ক) ১৭০, ৫

খ) ১৭০×৫

গ)

+৩

শ দ এ

১ ৭ ০

$\times ৫$

৮ ৫ ০

উঃ গুণফল ৮৫০

ঘ) গুণ্য - ১৭০

গুণক - ৫

শ দ এ

ঙ) ৮ ৫ ০ = আট শত পঞ্চাশ

শ দ এ

চ) ৮ ৫ ০ = ০ একক = ০

৫ দশক = ৫০

৮ শতক = ৮০০

স্বাস্থ্য

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRFA